

# যুগান্তর

প্রিন্ট: ১১ জুলাই ২০২৫, ০২:১০ পিএম

শিক্ষার্থী

## ডাকসু নির্বাচন সেপ্টেম্বরে, তফশিল ১৯ জুলাই



যুগান্তর প্রতিবেদন

প্রকাশ: ১০ জুলাই ২০২৫, ০৬:৩৯ পিএম



ফাইল ছবি

ঢাকা বিশ্ববিদ্যালয়ের কেন্দ্রীয় ছাত্র সংসদ (ডাকসু) নির্বাচন আগামী সেপ্টেম্বর মাসের দ্বিতীয় সপ্তাহে অনুষ্ঠিত হবে। সেই লক্ষে আগামী ২৯ জুলাই নির্বাচনের তফশিল ঘোষণা করা হবে।

রোববার ঢাকা বিশ্ববিদ্যালয়ের সিনেট ভবনে ডাকসু নির্বাচনের অংশীজনদের সঙ্গে তফশিল সংক্রান্ত চূড়ান্ত সভায় এ সিদ্ধান্তের কথা জানান প্রধান নির্বাচন কমিশনার অধ্যাপক জসীম উদ্দিন।

সভায় উপস্থিত ছিলেন ঢাকা বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন ছাত্রসংগঠন, হলের প্রাধ্যক্ষ, ডিন ও বিশ্ববিদ্যালয় প্রশাসনের কর্মকর্তারা।

ডাকসু নির্বাচন কমিশন প্রধান বলেন, এটাই অফিশিয়াল তারিখ। তফশিল ঘোষণার পর ৪০-৪৫ দিন সময় লাগবে। আমরা এই সময়ের মধ্যেই নির্বাচন করতে বন্ধপরিকর।

তিনি জানান, কেন্দ্রীয়ভাবে নিরপেক্ষ ভেন্যুতে ভোটগ্রহণ হবে। এজন্য নিরপেক্ষ ৬ কেন্দ্রে ভোটগ্রহণ অনুষ্ঠিত হবে।

